# দৈনিক বাংলা

তারিখ 0 8 JAN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক বাংলা (৭)

## চাঁদপুরে শিক্ষা বৃত্তি

নিজস্ব সংবাদদাতা ঃ চাঁদপুর।–শিক্ষর উন্নয়ন কল্পে চাঁদপুরের জি এম ফজলুল হক ওয়েলফেয়ার ট্রাস্ট শিক্ষা বৃত্তি ও মেধা সনদ বিতরণের কর্মসূচী নিয়েছে। চাঁদপুর সদর ও হাইমচর থানার ২০টি ইউনিয়ন ও ১টি পৌরসভার ২০৮টি প্রাথমিক বিদ্যালয়ের ৪১৬ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি ও মেধা সনদ '৯৩ বিতরণ করা হয়েছে। এছাড়া, ৯৪ সালের এসএসসি পরীক্ষায় কুমিল্লা শিক্ষা বোর্ডের মেধা তালিকায় বিভিন্ন স্থান অধিকারী ৮ জনসহ ১০ জনকে বিশেষ পুরস্কার প্রদানসহ তরপুরচণ্ডী জিএম ফজলুল হক উচ্চ বিদ্যালয়ের ৭ম থেকে ১০ম শ্রেণীর ১ম, ২য় ৩য় স্থান অধিকারী ছাত্র–ছাত্রীদেরকেও বার্ষিক বৃত্তি দেওয়া হয়েছে।

২৫ ডিসেম্বর চাঁদপুর প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে এক সাক্ষাৎকার অনুষ্ঠানে ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জানায়।